ইত্তেফাক

87

তারিখ ... 14.11.79 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম 5 ...

# আজ হইতে সরকারী কলেজ শিক্ষকদের ধর্মঘট

(ইত্তেফাক রিপোর্ট)

দেশের ৫৪টি সরকারী কলেজের প্রায় ৪ হাজার শিক্ষক আজ (সোমবার) হইতে ধর্মঘট শুরু করিতেছেন। বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতির পক্ষ হইতে গতকাল (রবিবার) জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে ধর্মঘটের এই কর্মসূচী ঘোষণা করা হয়।

সমিতির সভানেত্রী মিসেস জাহান আরা বেগম সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে বলেন, নূতন জাতীয় বেতন স্কেলে শিক্ষকদের চাকুরীর অবমূল্যায়ন এবং সমপর্যায়ভুক্ত অন্যান্য সরকারী চাকুরীর তুলনায় শিক্ষকদের বেতন স্কেলের বৈষম্য ও অসংগতি দূর করার দাবীর প্রতি সরকারের উপেক্ষা শিক্ষকদিগকে ধর্মঘটে যাইতে বাধ্য করিয়াছে।